রামগতি পৌরসভা কার্যালয়
রামগতি,লক্ষ্মীপুর।
স্থাপিত-২০০০খ্রিঃ
ই-মেইলঃ ramgatipourashova@gmail.com

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৪-৫৩ তারিখঃ ৩০/০১/২০২৪খ্রিঃ

**সভা নং-৩৫**

পৌর পরিষদের মাসিক (জানুয়ারী'২০২৪খ্রিঃ) সভার কার্য বিবরনীঃ
সভাপতি: এম মেজবাহ উদ্দিন, মেয়র, রামগতি পৌরসভা, রামগতি, লক্ষ্মীপুর।
তারিখ: ৩০/০১/২০২৪খ্রিঃ
সময়: বেলা ১১.০০ ঘটিকা।
স্থান: পৌরসভা সভাকক্ষ।
সভার উপস্থিতি:

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | ওয়ার্ড নং | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | গীতা রানী দাস | সংরক্ষিত মহিলা আসন-১ | স্বাক্ষরিত |
| ০২ | আকলিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-২ | স্বাক্ষরিত |
| ০৩ | নাছিমা বেগম | সংরক্ষিত মহিলা আসন-৩ | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ জয়নাল আবেদীন | সাধারন আসন-০১ | স্বাক্ষরিত |
| ০৫ | তাপস চন্দ্র দাস | সাধারন আসন-০২ | স্বাক্ষরিত |
| ০৬ | নিজাম উদ্দিন | সাধারন আসন-০৩ | স্বাক্ষরিত |
| ০৭ | মোঃ নুর নবী | সাধারন আসন-০৪ | স্বাক্ষরিত |
| ০৮ | শাহাদাৎ হোসেন | সাধারন আসন-০৫ | স্বাক্ষরিত |
| ০৯ | মোহাম্মদ নেছার উদ্দিন | সাধারন আসন-০৬ | স্বাক্ষরিত |
| ১০ | মুহাম্মদ দিদারুল ইসলাম খন্দকার | সাধারন আসন-০৭ | স্বাক্ষরিত |
| ১১ | ছৈয়দ মুরতাজা আল আমিন | সাধারন আসন-০৮ | স্বাক্ষরিত |
| ১২ | মোঃ ফারুকুল ইসলাম বাবলু | সাধারন আসন-০৯ | স্বাক্ষরিত |

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং অলোচ্য সূচী অনুযায়ী সভা পরিচালনা করার জন্য সহকারী প্রকৌশলী জনাব মোঃ কামরুল হাসানকে অনুরোদ করেন। এরপর সভার শুরুতে পবিত্র কুরআন থেকে তেলোয়াত করেন রামগতি পৌরসভার ০৮নং ওয়ার্ডের কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন এবং পবিত্র গীতা থেকে পাঠ করে ১,২ ও ৩ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস।

| সূচী নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্য-বিবরণী পাঠ ও অনুমোদনঃ- | সভায় সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে জনাব এ.বি.এম শাহজাহান, কার্য সহকারী কর্তৃক বিগত সভার কার্য-বিবরণী পড়ে শুনানো হয় এবং কোন ধরনের সংশোধন, সংযোজন-বিয়োজন থাকলে তা নিয়ে আলোচনা করার জন্য সবাইকে অনুরোধ করা হয়। | কোন ধরনের সংশোধন ও সংযোজন-বিয়োজন না থাকায় ৩১/১২/২০২৩ ইং তারিখের কার্য-বিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। |
| ০২ | রাজস্ব আদায় সম্পর্কে আলোচনাঃ | পৌর নির্বাহী কর্তকর্তা জনাব মোঃ কামরুল হাসান সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের জুলাই হইতে ডিসেম্বর মাসে সর্বমোট ৫৬,৪৯,৩৮০.০০ টাকার রাজস্ব আদায় হয়েছে। যা দাবীর তুলনায় আদায়ের হার ৩৮%। তিনি রাজস্ব আদায় বিষয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষয়টি নিয়ে আলোচনার জন্য অনুরোধ করেন।<br><br>৯নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ফারুকুল ইসলাম বাবলু সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে জুলাই হইতে ডিসেম্বর এই ৬ মাসে ৯নং ওয়ার্ড হইতে কত টাকা আদায় করা হয়েছে। দাবীর বিপরীতে আদায়ের হার কত % সে বিষয়ে জানতে চান। এবং তিনি রাজস্ব আদায়, পৌরসভার যে কোন বাস্তবায়নের জন্য একমত পোষন করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>সংরক্ষিত মহিলা কাউন্সিলর জনাব গীতা রানী দাস সভায় জানান যে, ওয়ার্ড ভিত্তিক রাজস্ব আদায়ের ত্রৈমাসিক, অর্ধবার্ষিকী রিপোর্ট মাসিক সভায় উপস্থাপন করা হলে সংশ্লিষ্ট কাউন্সিলরগণ উক্ত বিষয়ে অবগত হতে পারেন এবং যে কোন সিদ্ধান্ত বাস্তবায়নে সহজতর হতে পারে। তিনি বিষয়টি মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>৫নং ওয়ার্ড কাউন্সিলর ও রামগতি পৌরসভার প্যানেল মেয়র-০১ জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, রামগতি পৌরসভায় বড় ধরনের কোন শিল্প কলকারখানা ও স্থাপনা গড়ে উঠে নাই। যে সব সরকারি-বেসরকারি হোল্ডিং রহেছে তাতে ও নিয়মিত আদায় হচ্ছে না। মানুষ বিপদে পড়ে নাগরিক সেবার জন্য পৌরসভায় আসলে তাদের কাছ থেকে বকেয়া রাজস্ব আদায় হয়ে থাকে। এই ছাড়া আদায়ের জন্য আর কোন পদক্ষেপ গ্রহণ করা হয় না। তিনি রাজস্ব আদায়ের জন্য হোল্ডিং মালিকগণকে ৩মাস পরপর নোটিশ প্রদান প্রয়োজনে রাজস্ব আদায়ের স্বার্থে। হোল্ডিং মালিকগণের সাথে সরাসরি যোগাযোগ করার জন্য সবাই একমত পোষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে প্রতি ৩মাস পরপর মাসিক সভায় ওয়ার্ড ভিত্তিক রাজস্বের দাবী ও আদায় কত % হয়েছে তা কাউন্সিলরদের কে অবহিত করা এবং প্রয়োজনে তাদের সহযোগীতা নিয়ে রাজস্ব আদায়ের বিষয়ে সংশ্লিষ্ট সবাইকে নিয়ে কার্য্যকর পদক্ষেপ গ্রহণ করার জন্য পৌর নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করেন। |
| ০৩ | উন্নয়ন মূল্যক আলোচনা (ADP, IUGIP, BMWSSP, LGCRRP): | উপসহকারী প্রকৌশলী জনাব রিফাত জাহান ভূইয়া সভায় জানান যে, রামগতি পৌরসভায় বর্তমানে ADP, IUGIP, IUIDP-II, BMWSSP, LGCRRP এবং জলবায়ু প্রকল্পসহ বেশকিছু প্রকল্পের কাজ চলমান রহেছে। তিনি একে একে প্রত্যেকটি প্রকল্প সম্পর্কে সবাইকে অবহিত করেন।<br><br>**<u>ADP-দ্বারা বাস্তবায়নঃ</u>**<br>মেয়র মহোদয়ের নির্দেশক্রমে জনাব এবিএম শাহজাহান সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে ADP-দ্বারা বাস্তবায়নের জন্য গত মাসের মাসিক সভার নির্দেশনা মোতাবেক বেশ কিছু প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রকল্পগুলো হলো ১নং ওয়ার্ডের হাজী সড়কের RCC কাজ, ৩নং ওয়ার্ডের ধোপা বাড়ী সড়কের RCC কাজ ও ৭নং ওয়ার্ডের দুধা মিয়া বাড়ী সড়কের RCC কাজ। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে ADP, IUGIP, IUIDP-II, BMWSSP, LGCRRP এবং জলবায়ু প্রকল্পের কাজগুলো গুণগত মান বজায় রেখে দুত বাস্তবায়নের জন্য সহকারী প্রকৌশলীকে নির্দেশ প্রদান করেন। |

**<u>IUGIP -দ্বারা বাস্তবায়নঃ</u>**

কার্যসহকারী জনাব এবিএম শাহজাহান সভায় জানান যে, IUGIP প্রকল্পের নির্দেশনা মোতাবেক PDP অনুযায়ী প্রাক্কলন প্রস্তুতের কাজ চলছে। প্রাক্কলন প্রস্তুত করা শেষ হলে সভার সম্মতিক্রমে প্যাকেজ আকারে আগামী মাসিক সভায় উত্থাপন করা হবে এবং মাসিক সভায় অনুমোদন হলে তা প্রকল্প অফিসে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

**<u>IUGIP-II -দ্বারা বাস্তবায়নঃ</u>**

কার্যসহকারী জনাব এবিএম শাহজাহান সভায় জানান যে, IUGIP-II প্রকল্পে আমাদের প্রাপ্ত বরাদ্ধের কিছু বরাদ্ধ রহে গেছে। এবং এর জন্য আমরা একটি প্রকল্প দাখিল করে অনুমোদন নিয়েছি। কিন্তু তা বাস্তবায়নর করা সম্ভব হয়নি। এরপর পুনরায় প্রক্কলন প্রস্তুত করে প্রকল্প দাখিল করেছি। অনুমোদর পেলে ৪নং ওয়ার্ডের মুক্তিযোদ্ধা সফিক মেম্বার সড়কের ০মিঃ-৩৬৭মিঃ পর্যন্ত প্রকল্পের কাজ বাস্তবায়ন করা হবে। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

**<u>BMWSSP -দ্বারা বাস্তবায়নঃ</u>**

বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের আওতায় রামগতি পৌরসভায় বাল্ক প্যাকেজের কাজ প্রায় সমাপ্তির পথে এবং ডিস্ট্রিবিউশন রাই স্থাপনের কাজ ও প্রায় শেষ। হাউজ কানেকশনের কাজ গ্রাহক নিবন্ধন হলে শুর হবে এবং হাউজ হোল্ড টয়লেট নির্মাণের কাজ ও ড্রেনেজ নির্মানের কাজ খুবেই মন্থর। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

**<u>LGCRRP -দ্বারা বাস্তবায়নঃ</u>**

কার্যসহকারী জনাব এবিএম শাহজাহান সভায় জানান যে, LGCRRP প্রকল্পের আওতায় আলেকজান্ডার বাজার কিচেন মার্কেট নির্মানের কাজ কতিপয় অসাধু লোকের তৎপরতায় বন্ধ রয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাপ্ত করতে না পারলে প্রকল্পের বরাদ্ধ বাতিল হয়ে যাবে। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

**<u>জলবায়ুঃ</u>**

কার্যসহকারী জনাব এবিএম শাহজাহান সভায় জানান যে, জলবায়ু পরিবর্তন ট্রাস্ট ফান্ডের আওতায় রামগতি পৌরসভায় স্ট্রীট লাইট স্থাপনের কাজে কোয়াটার সম্পন্ন হয়েছে। বাকী কাজ গুলো সম্পন্ন করার জন্য ঠিকাদার কে অনুরোধ করা হয়েছে। উক্ত প্রকল্পের ঠিকাদার কিছু দিনের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন করার আশ্বাস দিয়েছেন। তিনি বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।

৮নং ওয়ার্ড কাউন্সিলর জনাব ছৈয়দ মুর্তাজা আল আমিন সভায় জানান যে, ADP দ্বারা ছোট ছোট প্রকল্প গুলো বাস্তবায়ন করা হলে আমাদের নাগরিকগণকে দেওয়া প্রতিশ্রুতি বাস্তবায়নের পথ সুগম হবে এবং IUGIP প্রকল্পের জন্য প্রস্তুতকৃত প্রাক্কলন গুলো PDP অনুযায়ী দ্রুত বাস্তবায়নে করা গেলে এলাকার অবকাঠামোগত খাতের অভূতপূর্ব উন্নতি সাধিত হবে। এই ছাড়া BMWSSP প্রকল্পের আওতায় দ্রুত পৌর এলাকায় পানির সংযোগ স্থপন করা গেলে সাধারণ জনগণ বিশুদ্ধ পানি ব্যবহারে সুযোগ পাবে এবং পৌর জন সাধারণের দীর্ঘদিনের পানির সমস্য সমাধান হবে। এছাড়া House Hold টয়লেট ও সোলার স্ট্রীল লাইট প্রকল্পের দ্রুত সমাপ্ত করা হলে পৌর সভার মানুষের মৌলিক চাহিদার বেশ কিছু অংশ পূরণ হবে। তিনি প্রকল্পের কাজ গুলো বিধি মোতাবেক সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সবাইসহ মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>সংরক্ষিত মহিলা কাউন্সিলর ও প্যানেল মেয়র-৩ জনাব আকলিমা বেগম সভায় জানান যে, House Hold টয়লেট ও হাউজ কানেকশন গুলো বর্ষা মৌসমের পূর্বে দুত বাস্তবায়ন করা প্রয়োজন। এই ছাড়া LGCRRP, ADP ও জলবায় প্রকল্পের কাজ গুলো দুত বাস্তবায়নের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td>২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন সম্পর্কে আলোচনাঃ</td>
<td>কার্যসহকারী জনাব এবিএম শাহজাহান সভায় জানান যে, আসছে ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপিত হতে যাচ্ছে। তিনি দিবসটি যথাযথ ভাবে উদযাপনের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন।<br><br>মেয়র মহোদয় বিষটি নিয়ে আলোচনা করার জন্য সবাইকে অনুরোধ করেন।<br><br>৫নং ওয়ার্ড কাউন্সিলর জনাব শাহাদাৎ হোসেন সভায় জানান যে, ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস একটি জাতীয় দিবস। তিনি দিবসটি যথাযথ ভাবে উদযাপনের ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট ১টি কমিটি গঠনের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>২নং ওয়ার্ড কাউন্সিলর জনাব তাপস চন্দ্র দাস সভায় জানান যে, ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন উপলক্ষে উপজেলা কেন্দ্রীয় শহীদ মিনারে পুস্পস্তবক অর্পন, র‍্যালী, আলোচনাসহ সাংস্কৃতিক অনুষ্ঠানের জন্য মেয়র মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তার উক্ত প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।<br><br>মেয়র মহোদয় নিম্ন ছকে বর্ণিত  ৫(পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের নির্দেশনা প্রদান করেবেন।
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>নাম</th><th>পদবী</th><th>কমিটিতে পদবী</th></tr>
<tr><td>১</td><td>শাহাদাৎ হোসেন</td><td>কাউন্সিলর ও প্যানেল মেয়র-০১</td><td>আহবাহয়ক</td></tr>
<tr><td>২</td><td>গীতা রানী দাস</td><td>সংরক্ষিত কাউন্সিলর</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩</td><td>মোঃ নেছার উদ্দিন</td><td>কাউন্সিলর-৬</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪</td><td>ছৈয়দ মুর্তাজা আল আমিন</td><td>কাউন্সিলর-৭</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫</td><td>রিফাত জাহান ভূইয়া</td><td>উপসহকারী প্রকৌশলী</td><td>সদস্য সচিব।</td></tr>
</table>
</td>
<td>মেয়র মহোদয় সভার সম্মতিক্রমে গঠিত কমিটির মাধ্যমে ২১শে ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপনের জন্য সহকারী প্রকৌশলীকে নির্দেশ প্রদান করেন।</td>
</tr>
<tr>
<td>০৬</td>
<td>পৌরসভার বিভিন্ন বিল প্রদান প্রসঙ্গে আলোচনাঃ</td>
<td>কোষাধ্যক্ষ জনাব গোলাম মোকতাদির সভায় জানান যে, গত ডিসেম্বর’২০২৩খ্রিঃ মাসে নিম্ন লিখিত বিল প্রদান করা হয়।
<table>
<tr><th>তারিখ</th><th>বিবরণ</th><th>টাকা</th></tr>
<tr><td>০৩২০২৩-১২-</td><td>নভেম্বরইং মাসের মাষ্টাররোল কর্মচারীদের ২০২৩, বেতন বিল</td><td>৮৩০০.০০০,</td></tr>
<tr><td>০৩২০২৩-১২-</td><td>দৈনিক ভোরের আকাশবিজ্ঞাপন ছাপিয়ে বিল বাবত-</td><td>৪০০.০০০,</td></tr>
<tr><td>০৩২০২৩-১২-</td><td>কামরুল হুদা চৌধুরী অবসরপ্রাপ্ত স্যানেটারী পরিদর্শক লামগ্র্যান্ড বিল</td><td>৪০০০.০০০,</td></tr>
<tr><td>০৫২০২৩-১২-</td><td>মেমাসের মেয়র ও কাউন্সিলরবৃন্দের সন্মানী  ২০২৩, ভাতা</td><td>১০০.০০০,৩৮,</td></tr>
<tr><td>০৫২০২৩-১২-</td><td>ফেব্রুয়ারীমাসের কর্মচারীদের বেতন ও  ২০২৩, ভাতাদি</td><td>৭০০.৩২৫,৪৫,</td></tr>
<tr><td>০৫২০২৩-১২-</td><td>সহকারী প্রকৌশলীমাসের বেতন ও  ২০২৩,আগষ্ট-ভাতাদি</td><td>৫২০০.০৮০,</td></tr>
<tr><td>১৩২০২৩-১২-</td><td>রিয়াদ গ্লাস এন্ড থাই এলোমেনিয়ামেয়র মহোদয়ের -টেবিলের গ্লাস ও ফোম বিল</td><td>১১০০.১০০,</td></tr>
<tr><td>১৩২০২৩-১২-</td><td>মেসার্স হাওলাদার ওয়ার্কসলোহার রেক বিল-</td><td>১১০০.১০০,</td></tr>
<tr><td>১৪২০২৩-১২-</td><td>আমন্ত্রণ রেষ্টুরেন্ট ১৬ ডিসেম্বরমাসে আলোচনা  ২০২৩, সভা ও বিজয় দিবসের অনুষ্ঠনেআপ্যায়ণ বিল</td><td>২৫০০.২০০,</td></tr>
<tr><td>১৭২০২৩-১২-</td><td>ডিসেম্বরইং মাসের বিদ্যুৎ বিল।২০২৩/</td><td>৯০০.০০২,</td></tr>
<tr><td>১৭২০২৩-১২-</td><td>হিসাব শাখার কম্পিউটার উইন্ডোজ প্রদান ও স্ট্যাবিলাইজার মেরামত বিল।</td><td>৬০০.৮০০,</td></tr>
<tr><td>১৮২০২৩-১২-</td><td>৫নং ওয়ার্ড বাসিন্দাআর্থিক সাহায্য।-মোঃ ফারহান-</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>১৮২০২৩-১২-</td><td>৯নং ওয়ার্ড বাসিন্দাআর্থিক সাহায্য।-বিবি আয়েশা-</td><td>৫০০.০০০,</td></tr>
<tr><td>১৯২০২৩-১২-</td><td>ভান্ডারী হোটেলনভেম্বর ও ডিস্মেবর-’২০২৩ মাসের আপ্যায়ন বিল।</td><td>৩০০০.৮৯২,</td></tr>
</table>
</td>
<td>মেয়র মহোদয় পৌর পরিষদের সম্মতিতে ডিসেম্বর’২০২৩ মাসে পরিশোধকৃত বিল সমূহ অনুমোদন হয় এবং বিলের নথীপত্র সমূহ সংরক্ষণ সরার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।

স্মারক নং-রাপৌ/সভাঃ কাঃ/২০২৪-৫৩ তারিখঃ ৩০/০১/২০২৪খ্রিঃ

**অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরণঃ**

১। জেলা প্রশাসক,লক্ষ্মীপুর।
২। জনাব..........................................................কাউন্সিলর(সকল),রামগতি পৌরসভা।
৩। জনাব.........................................................শাখা.......................রামগতি পৌরসভা।
৪। সংশ্লিষ্ট নথি।

(এম মেজবাহ উদ্দিন)
মেয়র
রামগতি পৌরসভা।